

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর, জনসংখ্যা ভবন
আজিমপুর, ঢাকা।

স্মারক নং: পপঅ/উঃ ও সঃ/৮৮/৬৪৬২

তারিখ: ২-৯-১৯৮৮ ইং

প্রতি

উপ-পরিচালক,

পরিবার পরিকল্পনা,

জেলা (সকল)।

বাংলাদেশ।

বিষয়: পরিবার পরিকল্পনা, মাতৃমঙ্গল ও শিশু কল্যাণ কর্মসূচির জন্য সংগৃহীত বিভিন্ন কিটসের বিতরণ প্রসঙ্গে।

পরিবার পরিকল্পনা, মাতৃমঙ্গল ও শিশু কল্যাণ কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে বিভিন্ন দাতা সংস্থার মাধ্যমে স্থানীয়ভাবে বেশ কয়েক প্রকার যন্ত্রপাতি ও ঔষধের কিটস প্রতি বৎসর সংগ্রহ করা হয়। কিন্তু সুষ্ঠু বিতরণ তালিকা ও প্রয়োজনীয় নির্দেশনার অভাবে অনেক সময় সংগৃহীত এই সমস্ত মূল্যবান কিটসের ত্বরিত বিতরণ ও যথাযথ ব্যবহারে অসুবিধা দেখা দেয়। অনেক সময় এই সমস্ত কিটস কার্যক্রমের বিভিন্ন পণ্যাগারে পড়িয়া থাকিতে দেখা যায়। অন্যদিকে দ্রব্যসামগ্রীর অভাবে সংশ্লিষ্ট সেবা প্রদানে বিঘ্ন ঘটিতে থাকে।

এমতাবস্থায় কার্যক্রমের সফল বাস্তবায়নের স্বার্থে ও উপরোক্ত অসুবিধাসমূহ পরিহারের লক্ষ্যে বর্তমানে পরিবার পরিকল্পনা, মাতৃমঙ্গল ও শিশু কল্যাণ কর্মসূচির জন্য সংগৃহীত যে সমস্ত কিটস বাক্স কার্যক্রমের বিভিন্ন স্তরে মজুদ রহিয়াছে এবং যাহা ভবিষ্যতে সরবরাহ করা হইবে তাহা পরবর্তী নির্দেশ না হওয়া পর্যন্ত নিম্নবর্ণিতভাবে বিতরণ করিতে হইবে।

- | | | |
|----|---|-------------|
| ১। | এফডব্লিউসি কিটসের বিতরণ | |
| | (ক) প্রতিটি পরিবার কল্যাণ কেন্দ্র (এফ ডব্লিউ সি)-এর জন্য | ১ (এক) টি। |
| ২। | এম সি এইচ কিটসের বিতরণ | |
| | (ক) প্রতিটি পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য | ১ (এক) টি। |
| | (খ) প্রতিটি মাতৃমঙ্গল ও শিশু কল্যাণ কেন্দ্র (এম সি ডব্লিউ সি) এর জন্য | ১ (এক) টি। |
| | (গ) প্রতিটি উপজেলা স্বাস্থ্য প্রকল্পের এম সি এইচ ইউনিটের জন্য | ১ (এক) টি। |
| ৩। | মিডওয়াইফারী কিটসের বিতরণ | |
| | (ক) প্রতিটি পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য | ১ (এক) টি। |
| | (খ) প্রতিটি মাতৃমঙ্গল ও শিশু কল্যাণ কেন্দ্র (এম সি ডব্লিউ সি) এর জন্য | ১ (এক) টি। |
| | (গ) প্রতিটি উপজেলা স্বাস্থ্য প্রকল্পের এম সি এইচ ইউনিটের জন্য | ১ (এক) টি। |
| ৪। | আই ইউ ডি কিটসের বিতরণ | |
| | (ক) প্রতিটি মাতৃমঙ্গল ও শিশু কল্যাণ কেন্দ্রের জন্য | ১ (এক) টি। |
| | (খ) প্রতিটি উপজেলা স্বাস্থ্য প্রকল্পের জন্য | ২ (দুই) টি। |
| | (গ) প্রতিটি পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য | ১ (এক) টি। |
| | (ঘ) প্রতিটি মডেল ক্লিনিক (মেডিক্যাল কলেজ সংলগ্ন) এর জন্য | ১ (এক) টি। |
| | (ঙ) প্রত্যেক ক্লিনিকবিহীন পরিবার কল্যাণ পরিদর্শিকার জন্য | ১ (এক) টি। |

কোনো সেবা কেন্দ্রে আই ইউ ডি কিটসের যন্ত্রপাতি অত্যধিক ব্যবহারে খারাপ হইয়া গেলে বদলাইয়া নতুন কিট দেওয়া যাইবে।

৫।	ভ্যাসেকটমি কিটসের বিতরণ	
	(ক) প্রতিটি পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য (যেখানে নিয়মিত পুরুষ বন্ধ্যাকরণ করা হয়)	২ (দুই) টি।
	(খ) উপজেলা স্বাস্থ্য প্রকল্পে আগের ভ্যাসেকটমি কিট নষ্ট হইয়া গেলে বদলাইয়া/পরিবর্তে	১ (এক) টি।
৬।	টিউবেকটমি কিটসের বিতরণ	
	(ক) প্রতিটি পরিবার কল্যাণ কেন্দ্রে যেখানে নিয়মিত মহিলা বন্ধ্যাকরণ করা হয়	২ (দুই) টি।
	(খ) উপজেলা স্বাস্থ্য প্রকল্পে আগের দেওয়া কিট ব্যবহারের অযোগ্য হইয়া গেলে	১ (এক) টি।
	(গ) প্রতিটি উপজেলা স্বাস্থ্য প্রকল্পের জন্য	১ (এক) টি।
	(ঘ) প্রতিটি মাতৃমঙ্গল ও শিশু কল্যাণ কেন্দ্রের জন্য	১ (এক) টি।
৭।	ব্লিডিং কিটসের বিতরণ	
	(ক) প্রতিটি উপজেলা স্বাস্থ্য প্রকল্প	১ (এক) টি।
	(খ) প্রতিটি মাতৃমঙ্গল ও শিশু কল্যাণ কেন্দ্রের জন্য	১ (এক) টি।

অতএব, কার্যক্রমের বিভিন্ন কিটস বিতরণের জন্য অপর কোনো নির্দেশের অপেক্ষা না করিয়া উপরোক্ত নীতিমালা অনুযায়ী ত্বরিত ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হইল।

স্বাক্ষরিত
(মোঃ আবু তাহের)
পরিচালক (উপকরণ ও সরবরাহ)

স্মারক নং: পপঅ/উঃ ও সঃ/৮৮/৬৪৬২/(৬৪)/(১)

তারিখ: ২-৯-১৯৮৮ ইং

অনুলিপি দেওয়া হইল:

১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, (এম সি এইচ-সার্ভিসেস)/এম আই এস/প্রশাসন/অর্থ, অত্র অধিদপ্তর।
৩. পরিচালক, বিশেষ কার্যক্রম তদারকি দল, ঢাকা, চট্টগ্রাম/খুলনা, রাজশাহী বিভাগ।
৪. অতিরিক্ত পরিচালক (ড্রাগস্ এন্ড স্টোরস্), কেন্দ্রীয় পণ্যাগার, টেমো, মহাখালী, ঢাকা।
৫. আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, বয়রা-খুলনা/বনানী-বগুড়া, আত্রাবাদ-চট্টগ্রাম।
৬. সরবরাহ কর্মকর্তা, জেলা রিজার্ভ স্টোরস প্রযত্নে-জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, জেলা।

স্বাক্ষরিত
(মোঃ ফজলুল হক)
উপ-পরিচালক (উপকরণ ও সরবরাহ)

প্রতি কেন্দ্রের টিউবেকটমীর জন্য জরুরি ঔষধ বা যন্ত্রপাতি

ক্রমিক নং	উপকরণের নাম	পরিমাণ
১	ইনজেকশন (নারকান) নালাক্সোন ২ মি.লি. এ্যাম্পুল	৫ এ্যাম্পুল
২	ইনজেকশন ফেনারগান ১ মি. লি. এ্যাম্পুল	৫ এ্যাম্পুল
৩	ইনজেকশন এড্রিনালিন ১ মি. লি. এ্যাম্পুল	৫ এ্যাম্পুল
৪	ইনজেকশন হাইড্রোকোর্টিসোন ২ মি. লি. এ্যাম্পুল	১০ এ্যাম্পুল
৫	ইনজেকশন ডায়াজিপাম ৫ মি. লি. এ্যাম্পুল	২ এ্যাম্পুল
৬	ইনজেকশন এমাইনোফাইলিন ১০ মি. লি. এ্যাম্পুল (২৫০/৫০০ মি. লি. এ্যাম্পুল)	২ এ্যাম্পুল
৭	ইনজেকশন ৫% ডেক্সট্রোজ স্যালাইন সাধারণ (Osvpdo)	১০ ব্যাগ
৮	ভেনিসেকশন সেট	১ সেট
৯	ফ্লোমিটারসহ অক্সিজেন সিলিভার	২ সেট
১০	রেসপিরেটরি রিসাসিটের (অ্যাম্বুব্যাগ)	১ সেট
১১	সাকশন মেশিন	১ টি
১২	টর্চলাইট (বড় আকৃতির)	১ টি
১৩	এয়ারওয়ে টিউব বিভিন্ন সাইজের	১ সেট
১৪	ইনজেকশন ক্যালশিয়াম গ্লুকোনেট (১০% ১০ মি. লি.)	১ সেট
১৫	ইনজেকশন সোডিয়াম বাই-কার্বনেট ৫০ মি. লি. (46.6 Ploolhu) অথবা ৭.৫% এর ২৫ মি. লি. এ্যাম্পুল	৮ এ্যাম্পুল
১৬	ইনজেকশন নিকোথামাইড ২৫% (১-২ মি. লি.) (নারকান বা নালাক্সোন না থাকলে)	৫ এ্যাম্পুল